গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং ৪৪.০৩.০০০০.০১১.১৮.০৬৬.১৬-১০০২

তারিখ: ০৪/০৪/১৪২২ বঙ্গাব্দ
১১/০৭/২০১৬ খ্রিস্টাব্দ

## "অফিস আদেশ"

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০২১.০৩.০০২.২০১৫-১৪৪, তারিখ- ২৮/০৩/২০১৬ খ্রিঃ এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৪৮.০৮-৮৩৬, তাং-১২/০৬/২০১৬ খ্রিঃ মূলে ইন্টারনেট ভিত্তিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের নীতিমালা জারী করা সত্ত্বেও এ বাহিনীর কতিপয় কর্মকর্তা/কর্মচারী/সদস্য/সদস্যা কর্তৃক ব্যক্তি পর্যায়ে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী'র নাম ব্যবহার করে কর্তৃপক্ষের বিনানুমতিতে বেশ কিছু ফেইসবুক প্রোফাইল, পেইজ, গ্রুপ এবং ইভেন্ট পরিচালনা করা হচ্ছে। যেখানে বিভিন্ন ধরণের উস্কানীমূলক, আপত্তিকর, অস্থিতিশীল বার্তা আদান-প্রদান বা পোষ্ট করা হচ্ছে। এরূপ কতিপয় ফেইসবুক প্রোফাইল, পেইজ, গ্রুপ এবং ইভেন্টের নাম নিম্নে তুলে ধরা হলোঃ

ক) BD Embodied Ansar
খ) আনসার ও ভিডিপি অফিস, বাংলাদেশ।
গ) Ansar Ansar
ঘ) Ansar VDP Chittagong
ঙ) Ansar VDP Development Foundation
চ) Ansar VDP To Six Million Vision 2041 Public Security Force
ছ) আনসার ভিডিপি বামনদিঘী
জ) Bangladesh Ansar & VDP Academy
ঝ) Bangladesh Ansar & VDP
ঞ) বাংলাদেশ ডিফেন্স নির্যাতিত আনসার অবহেলিত সৈনিক
ট) বাংলাদেশ সাধারন আনসার Bangladesh General Ansar
ঠ) EMBODIED ANSAR – অঙ্গীভূত আনসার
ড) 20 AUG আগষ্ট মাসের মধ্যে সাধারণ আনসারদের নতুন স্কেলে বেতন চাই।
ঢ) 28 AUG বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর আনসারের বেতন ভাতা বৃদ্ধি ও জুলুম নির্যাতন বন্ধে জোরালো দাবী জানাচ্ছি।
ণ) যাগো আনসার
ত) নির্যাতিত আনসার বাহিনী
থ) অবহেলিত সাধারন আনসার (Youtube Chennal)
দ) সোচ্চার হও আনসার
ধ) Ansar Battalion-আনসার ব্যাটালিয়ন
ন) বাংলাদেশ আনসার
প) বাংলাদেশ সাধারন আনসার বাহিনী
ফ) আনসারদের দাবী বাঁচাও
ব) বাংলাদেশ আনসার ও ভিডিপি
ভ) নির্ভিক সৈনিক
ম) গাজীপুরের মাফিয়া কাকা

২। বাহিনীর ভাবমূর্তি রক্ষা ও নিরাপত্তা স্বার্থে এবং সদস্য/সদস্যা কর্তৃক বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে শৃঙ্খলা আনয়নের লক্ষে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৪৮.০৮-৮৩৬, তারিখ-১২/০৬/২০১৬ খ্রিঃ মূলে ইতিপূর্বে জারীকৃত "ইন্টারনেট ভিত্তিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের নীতিমালা"-এর অংশ হিসেবে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

ক। অবিলম্বে বিনানুমতিতে ব্যক্তি কেন্দ্রিক পরিচালিত আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নামে প্রত্যক্ষ, পরোক্ষ বা আংশিক ব্যবহৃত সকল ফেইসবুক প্রোফাইল, পেইজ, গ্রুপ এবং ইভেন্ট বা সকল প্রকার সামাজিক যোগাযোগ মাধ্যমের কার্যক্রম বন্ধ করতে হবে।

খ। আগামী ০৫/০৮/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত পর্যালোচনাপূর্বক বিনানুমতিতে বা বেনামী কোন ধরণের উস্কানীমূলক, মিথ্যা অভিযোগ, বাহিনীর নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ বা হেয় প্রতিপন্নমূলক কোন ধরণের ফেইসবুক প্রোফাইল, পেইজ, গ্রুপ এবং ইভেন্ট বা যে কোন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করা হলে উন্নত কারিগরী প্রযুক্তি সম্পন্ন গোয়েন্দা সংস্থার মাধ্যমে চিহ্নিতকরণ পূর্বক কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর যে কোন ইউনিট হতে বাহিনী সংশ্লিষ্ট কোন ফেইসবুক প্রোফাইল/পেইজ/গ্রুপ/ইভেন্ট/সোসাল মিডিয়া একাউন্ট ব্যবহার করতে হলে সদর দপ্তরের অনুমোদন গ্রহণ করতে হবে।

ঘ। বাহিনীর সদস্য-সদস্যাদের যৌক্তিক কোন আবেদন বা অভিযোগ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ বা উপস্থাপন করতে হবে।

৩। উল্লিখিত নির্দেশনা কঠোরভাবে মেনে চলতে হবে। অন্যথায় তার বিরুদ্ধে বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

৪। এ আদেশ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারী করা হলো।

মোঃ সামছুল আলম
পরিচালক (প্রশাসন)
দূরালাপনী ঃ ৭২১৪৯২৫

স্মারক নং ঃ ৪৪.০৩.০০০০.০১১.২৭.০০৭.০৬- ১০০২

তারিখ ঃ ০৪/০৪/১৪২৩ বঙ্গাব্দ
১১/০৭/২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ

১। মহাপরিচালক মহোদয়ের সচিবালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

৩। উপ-মহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

৪। উপ-মহাপরিচালক, আনসার ভিডিপি একাডেমী, সফিপুর, গাজীপুর।

সদয় অবগতির জন্য।

৫। পরিচালক (সকল)..............................................
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/আনসার ভিডিপি একাডেমী, সফিপুর, গাজীপুর।

৬। পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল রেঞ্জ)
..................................................................

অবগতি ও কার্যক্রমের জন্য।

পরিচালক, ঢাকা মহানগর আনসার।

নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক (চিকিৎসা/আইন বিষয়ক উপদেষ্টা)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

৯। উপ-পরিচালক (সকল)..........................................
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — অবগতি ও কার্যক্রমের জন্য

১০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল)
..................................................................

১১। জোন অধিনায়ক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
..................................................................

১২। ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)
..................................................................

১৩। সহকারী পরিচালক (সকল)......................................
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

১৪। ..........................................(সকল শাখা)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

১৫। অধিনায়ক, ভিটিসি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/গাজীপুর

১৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সকল)
..................................................................

১৭। দপ্তর/মাষ্টার কপি। — বিতরণ ও সংরক্ষণের জন্য।

পরিচালক (প্রশাসন)